চীনের সবুজ সাথী

ছোটো হাতির বাড়ি ফেরা

প্রথম প্রকাশ ১৯৮৭
পুনর্মুদ্রণ ১৯৯০

অনুবাদ : চাং চিননুয়ান

ISBN 7—80051—693—8

প্রকাশনা : ডলফিন প্রকাশন
২৪, পাইওয়ানচুয়াং, পেইচিং-১০০০৩৭, চীন
পরিবেশনা : চীন আন্তর্জাতিক পুস্তক বাণিজ্য কর্পোরেশন
২১, পশ্চিম ছেকুংচুয়াং
পোস্ট বক্স ৩৯৯
পেইচিং-১০০০৪৪, চীন

গণ প্রজাতন্ত্রী চীনে মুদ্রিত

ছোটো হাতির বাড়ি ফেরা

মূল লেখা : লি ছিমেই

সম্পাদক : চিয়াং চেনলি

চিত্রকর : হু ইয়োংখাই

ডলফিন প্রকাশন, পেইচিং

পরিবেশক
চন্দ্রিকা বইঘর
১৪, বাংলাবাজার, ঢাকা-১১০০

ইউয়ান ইউয়ান যখন খুব ছোটো ছিল তখন থেকেই সে হাতি পছন্দ করত। কিণ্ডারগার্টেনে ভর্তি হবার পর তার সব খেলনার মধ্যে ছোটো হাতিটির সঙ্গেই ভাব হলো বেশী।

একদিন, সন্ধ্যা হয়ে এলে শিশুসাথীদের যার যার বাড়ি ফিরে যাবার সময় হলো। খেলনাগুলি আলমারিতে তুলে রেখে যেতে হবে।

ইউয়ান ইউয়ান মশগুল হয়ে খেলছিল। ছোটো হাতিকে আলমারিতে তুলে রাখতে তার মন চাইছিল না। তাই সে হাতির কানে ফিসফিস করে বলল, "আজ আমি তোমাকে আমার বাড়ি নিয়ে যাবো।"

কোন কথা বলার সুযোগ না দিয়ে ইউয়ান ইউয়ান হাতিকে তার থলির মধ্যে পুরে লাফাতে লাফাতে আর গান গাইতে গাইতে বাড়ির দিকে চলল।

বাড়িতে ঢুকেই ইউয়ান ইউয়ান চিৎকার করে বলল , ''অতিথি এসেছে , অতিথি এসেছে।''
তা শুনে খেলনারা সবাই লাফ দিয়ে বাইরে এল।

খেলনারা দেখল যে একটি ছোটো হাতি এসেছে। সবাই খুব খুশী হলো। কিন্তু ছোটো হাতি মাথা নীচু করে রইল। সে কোন কথা বলল না।

ইউয়ান ইউয়ান খেলতে খেলতে ক্লান্ত হয়ে পড়ল।
তার ঘুম পেল। হাতিটিকে জড়িয়ে ধরে সে খাটে
শুয়ে পড়ল।

ছোটো হাতির চোখে ঘুম এল না, সে তার মার কাছে যাবার জন্য প্যাঁ প্যাঁ করতে লাগল।

ইউয়ান ইউয়ান হাতির মা হবার ভাণ করে বলল, "আমি তোমার মা।"

ছোটো হাতি শুঁড় উঁচু করে বলল, ''তুমি আমার মা নও!'' একথা বলে সে দৌড়ে বাইরে পালিয়ে যেতে গেলে ইউয়ান ইউয়ান হাতির শুঁড় ধরে টেনে তাকে ভেতরে নিয়ে এল।

ছোটো হাতি ইউয়ান ইউয়ানকে ধাক্কা দিয়ে ফেলে দিল। তারপর সে লাফ দিয়ে টেবিলে উঠে পোষা মাছের পাত্র থেকে শুঁড় দিয়ে জল টেনে ইউয়ান ইউয়ান-এর দিকে ছুঁড়ে মারল।

ইউয়ান ইউয়ান দৌড়ে পালাতে গেল, অমনি সব খেলনা জেগে উঠল। ছোটো হাতি তাদের দেখে চিৎকার করে বলল, ''আমি বাড়ি ফিরে যাবো, আমি বাড়ি ফিরে যাবো।''

ইউয়ান ইউয়ান অবাক হয়ে তাকে জিজ্ঞাসা করল, "তোমার বাড়ি কোথায়?" "আমার বাড়ি কিণ্ডারগার্টেনে। আমি ফিরে না গেলে মা আমার জন্য চিন্তা করবেন।" বলতে বলতে ছোটো হাতি কেঁদে ফেলল।

ইউয়ান ইউয়ান তার দূরবীন হাতে নিয়ে কিণ্ডারগার্টেনের দিকে দেখতে লাগল।

ইউয়ান ইউয়ান দেখল কিণ্ডারগার্টেনের খেলনারা ছোটো হাতিকে খুঁজছে, আর হাতি-মা উদ্বিগ্ন হয়ে কাঁদছে।

ছোটো হাতিকে নিজের বাড়িতে আনবার জন্য ইউয়ান ইউয়ান-এর অনুতাপ হলো। সে ছোটো হাতিকে বলল, "মাফ করো, আমি এক্ষুণি তোমাকে তোমার বাড়িতে পৌঁছে দেব।"

ইউয়ান ইউয়ান ছোটো হাতিকে কোলে নিয়ে জিরাফের পিঠে বসে উড়ে চলার মতো তাড়াতাড়ি কিণ্ডারগার্টেনে ফিরে এল। সঙ্গীরা ছোটো হাতিকে দেখে খুব খুশী হলো।

হাতি-মা আনন্দে ছোটো হাতি ও ইউয়ান ইউয়ানকে জড়িয়ে ধরল।

চীনের সবুজ সাথী গ্রন্থমালা

ছোটো হাতির বাড়ি ফেরা
রুমালে সাদা খরগোশ
তোংতোং ও তার বেড়াল
তিন মেয়ে
লিং লিং-এর কাহিনী
তাফাং আর সিয়াওফাং
মনোযোগী মেয়ে ও খামখেয়ালী ছেলে

小象要回家
李其美　原著
蒋振立　改编
胡永凯　绘画
*
海豚出版社出版
(中国北京百万庄路 24 号)
邮政编码 100037
春雷印刷厂印刷
中国国际图书贸易总公司发行
(中国北京车公庄西路 21 号)
北京邮政信箱第 399 号　邮政编码 100044
1987 年(20 开)第一版
1990 年第二次印刷
(孟)
ISBN 7－80051－693－8/J・933(外)
00245
88－Be－326P